# সুগ্রিবপুর সার্বিক গ্রাম সমবায় সমিতি লিঃ

রেজিঃ নং-০৫, তারিখঃ ১২/০৭/২০১৫,
গ্রামঃ সুগ্রিবপুর ,ডাকঘরঃ ঈমানপুর,
উপজেলাঃ কুষ্টিয়া সদর , জেলাঃ কুষ্টিয়া ।

## মডেল সমবায় সমিতি লিঃ এর কার্যক্রমঃ

ভুমিকাঃ-

নিজেদের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে কুষ্টিয়া উপজেলার সুগ্রিবপুর এলাকায় ২০ জন সদস্য মিলে একটি সমবায় সমিতি গঠন করে সমবায় বিভাগ থেকে নিবন্ধন নেয়। নিবন্ধন নম্বর-০৫,তারিখঃ-১২/০৭/২০১৫ খ্রি:। বর্তমানে সমিতির শেয়ার মুলধন- ৩৪৯০০.০০টাকা,সঞ্চয় আমানত-১১৮৪৮৬৫.০০টাকা। নিবন্ধন পরবর্তীতে সততা,নিষ্ঠা ও আন্তরিকতার মাধ্যমে সমিতির পরিচালনা করায় সমিতিটি বর্তমানে একটি অনুসরণীয় ও অনুকরণীয় প্রতিষ্ঠানে পরিণত হয়েছে এবং কুষ্টিয়া জেলার সমবায় অঙ্গনে নিজস্ব কর্মকান্ডের দ্বারা স্থান করে নিয়েছে।

সমবায় সমিতির সদস্য সংখ্যাঃ-

নিবন্ধন কালে সমিতির সদস্য সংখ্যা ছিল ২০ জন, বর্তমানে সমিতির সদস্য সংখ্যা ১১৭ জন। ০৭ বছরে সদস্য বৃদ্ধিতে সাফল্য অর্জন করেছে।

কার্যক্রমের বর্ণনাঃ-

সদস্যদের কর্মসংস্থান তৈরী,ভ্যান গাড়ী ক্রয়,গাভী পালন,হাঁসমুরগী পালন.ক্ষুদ্র ব্যবসা,কৃষিকাজ,কুটির শিল্প।

বিগত বছরগুলোর কর্মকান্ডের বর্ণনাঃ-

স্বল্প সুদে ঋণ কার্যক্রমের মাধ্যমে সদস্যদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়েছে। সমিতির সদস্যদের প্রয়োজনে ব্যবসায়িক ঋন প্রদান করে তাদের স্বাবলম্বি করতে সহায়তা করা হয়। প্রতিবন্ধি সদস্যদের প্রতি মাসে চিকিৎসা সহায়তা প্রদান করা হয়। গণশিক্ষা,বৃক্ষরোপন,বাল্যবিবাহ প্রতিরোধ ও মাদকমুক্ত সমাজ গঠনরে লক্ষ্যে সদস্যদেরকে উদ্বুদ্ধ করা হয়।

কেস ষ্ট্যাডিঃ-

নিয়মিতভাবে সমিতির মাসিক সভা করা হয় এবং উহার কার্যবিবরনী রেজিষ্টারে লিপিবদ্ধ করা হয়। সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন করা হয়। বিগত ১৩/০৯/২০২২ খ্রিঃ তারিখে সমিতির বার্ষিক সাধারন সভা করা হয়েছে। সমিতির নির্বাচন বিগত ২৫/০৯/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সমিতির সহযোগিতায় নিরীক্ষা সম্পাদন করা হয়।

কিভাবে মডেল হলো তাঁর বর্ননাঃ

সমিতি থেকে সদস্যদের ট্রেড ভিত্তিক প্রশিক্ষন প্রদান পূর্বক সদস্যদের মাঝে গাভীপালন,ছাগলপালন,হাঁস-মুরগী পালন,সেলাই শিক্ষা ও ক্ষুদ্র ব্যবসাখাতে কর্জ দাদন করে প্রায় ৩৯ জন সদস্যকে ইতিমধ্যে স্বাবলম্বী করা হয়েছে। সমিতির কর্মকান্ডের পাশাপাশি বিভিন্ন সরকারী সিদ্ধান্ত বাস্তবায়নে এলাকায় উল্লেখ্যযোগ্য ভুমিকা রেখেছে। বিশেষ করে বাল্যবিবাহ রোধ,নারী স্বাস্থ্য শিক্ষা,স্যানিটেশন,যৌতুক বিরোধী আন্দোলনে সদস্যদের ভুমিকা বিষয়ে বৈঠক করা হয়েছে।

লভ্যাংশ বিতরন ও সিডিএফঃ

অত্র সমিতিটি ২০২১-২০২২ অর্থবছরের সদস্যদের মাঝে ১৭৩৬০০.০০টাকা লভ্যাংশ বিতরন করেছে। অডিট ফি বাবদ ১০০০০.০০টাকা ট্রেজারী চালানে ও সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৯৬৪৫.০০টাকা অনলাইন মারফত জমা প্রদান করা হয়েছে।

অডিট সম্পর্কিত তথ্যঃ-

২০২১-২০২২ অর্থ বছরের অডিট জনাব মোঃ নারগিস আরা,সহকারী সহকারী,উপজেলা সমবায় কার্যালয়,কুষ্টিয়া সদর,কুষ্টিয়া কর্তৃক বিগত ২০/০৭/২০২২ খ্রিঃ তারিখে সম্পাদন করা হয়েছে।

ব্যাংক ও অন্যান্য তথ্যঃ-

৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখে অত্র সমিতির নামে সোনালী ব্যাংক লিঃ,মধুপুর বাজার শাখায় ২১৩৫৭১.০০টাকা জমা রয়েছে।

আর্থ-সামাজিক উন্নয়নের ভুমিকাঃ-

অল্প সময়ের মধ্যে সমিতির আর্থিক উন্নয়নের পাশাপাশি সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়নে বলিষ্ঠ ভুমিকা রেখে আসছে। ইতিমধ্যে স্বল্প সুদে ঋণ কার্যক্রমের মাধ্যমে সদস্যদরে কর্মসংস্থানরে সুযোগ সৃষ্টি করা হয়ছে। সমিতির সদস্যদরে প্রয়োজনে ব্যবসায়িক ঋন প্রদান করে তাদের স্বাবলম্বি করতে সহায়তা করা হয়েছে। প্রতিবন্ধি সদস্যদের প্রতি মাসে চিকিৎসা ভাতা প্রদান করা হয়। গণশক্ষিা,বৃক্ষরোপন,বাল্যবিবাহ প্রতিরোধ ও মাদকমুক্ত সমাজ গঠনরে লক্ষ্যে সদস্যদরেকে উদ্বুদ্ধ করা হয়। সদস্যদের ছেলে-মেয়েকে শিক্ষা বৃত্তি প্রদান করা হয়।

সমবায় আন্দোলনকে বেগবান ও গতিশীল সংক্রান্ত কাজঃ

অত্র সমবায় সমিতি এলাকাবাসীদের সমবায় বিষয়ে অবগত করে থাকে। জাতীয় এবং আর্ন্তজাতিক সমবায় দিবস উৎযাপন করে সমবায় আন্দোলকে বেগবান ও গতিশীল করার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করছে।

প্রচার ও প্রকাশনার পরিমাণঃ

সমিতি তার গৃহিত বিভিন্ন কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে জাতীয় পত্রিকায় প্রকাশ করতঃ জনগণের মধ্যে প্রচারের ব্যবস্থা করে। এলাকায় বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে সমিতির কর্মকান্ড সংক্রান্ত পোষ্টার বা লিখন টাংগানো হয়।

সামাজিক কর্যক্রমে অবদানঃ

সমিতির পক্ষ থেকে বয়স্ক শিক্ষা কার্যক্রম পরিচালিত করে সমাজকে নিরক্ষতার অভিশাপ মুক্ত করার প্রয়াশ চালাচ্ছে। এছাড়া সমিতি পক্ষ থেকে ছাত্র/ছাত্রীদের মধ্যে শিক্ষা বৃত্তি , বিবাহ অনুদান ,চিকিৎসা অনুদান গরীব পরিবারের মধ্যে আর্থিক অনুদান প্রদান,বাল্য বিবাহ রোধ ও মাদকদ্রব্য সেবনে নিরৎসাহিতকরণ কার্যক্রম পরিচালনা করে কুষ্টিয়া সদর উপজেলার মধ্যে অগ্রহী ভূমিকা পালন করে আসছে।

(মোঃ সাঈদ হাসান)
উপজেলা সমবায় অফিসার
কুষ্টিয়া সদর,কুষ্টিয়া।